

## আহত অনুরনন

ড. শামস্ রহমান

এখন তোমার অফুরন্ত সময়।  
তবুও তোমার সময় কোথায়?  
শাড়ি-সভাতেই ফুরোয় বেলা,  
এখন তোমার শুধুই এ-বেলা, আর ও-বেলা।  
আমার জন্য তোমার সময়,  
সযত্নে এখন সিকেয় তোলা ॥

একসময়, সত্যি তোমার সময় ছিল -  
কথার ছলে কফির কাপে সময় ছিল,  
ছায়ায় ছায়ায় বইয়ের পাতায় সময় ছিল;  
সময় ছিল পদ্যের ছন্দে, ভেসে যেতে অঙ্গে অঙ্গে বিহঙ্গে ॥

একসময়, সত্যি তোমার সময় ছিল -  
নীল আকাশ আর নীল সমুদ্রে সময় ছিল,  
ভাবের দিগন্তে আর স্বপ্নের অনন্তে সময় ছিল;  
সময় ছিল আমার কাঁচা-পাকা চূলে, অপরাহ্নে চায়ের সময় ভূলে।  
সময় ছিল কারণে-অকারণে  
দীঘল চুম্বনে ॥

এখন তোমার কাছে এসবকিছুই মিছে ॥